

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
শাহবাগ, ঢাকা।

www.publiclibrary.gov.bd, Fax # 58611775

**শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে রচনা ও সুন্দর হাতের-লেখা প্রতিযোগিতা-২০১৭।**

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে নিম্নোক্ত গ্রন্থে রচনা ও সুন্দর হাতের-লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে :

**ক) রচনা প্রতিযোগিতা:**

ক্র.নং	গ্রন্থ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	'ক'	পঞ্চম-অষ্টম	মাতৃভাষায় শিক্ষা অর্জন	১০০০
২.	'খ'	নবম-দ্বাদশ	একুশের চেতনা	১২০০
৩.	'গ'	স্নাতক-স্নাতকোত্তর	নিরক্ষরতা দূরীকরণে মাতৃভাষা	১৫০০
৪.	'ঘ'	সর্বসাধারণ	জাতীয় জীবনে একুশের প্রভাব	১৮০০

**খ) সুন্দর হাতের-লেখা প্রতিযোগিতা:**

- ১। গ্রন্থ-'ক' - তৃতীয়-পঞ্চম শ্রেণি
- ২। গ্রন্থ-'খ' - ষষ্ঠ-অষ্টম শ্রেণি
- ৩। গ্রন্থ-'গ' - নবম-দশম শ্রেণি


রচনা: ঢাকার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে স্থানীয় বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ২৮.০২.২০১৭ খ্রিস্টাব্দ।

সুন্দর হাতের-লেখা: ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারে ২৮.০২.২০১৭ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

**শর্তাবলী:**

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় দিকে লেখা যাবে না।
২. ছাত্র ছাত্রীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. 'ঘ' গ্রন্থের ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/প্রথম শ্রেণির কর্মকর্তার প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৪. রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৫. সুন্দর হাতের-লেখা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদেরকে কাগজ ব্যতীত অন্য কোন উপকরণ সরবরাহ করা হবে না।
৬. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচনায়োগ্য হবে না।

বিঃদ্র: দেশের সকল বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারে বিভিন্ন বিষয়ের পর্যাপ্ত পুস্তক রয়েছে, প্রয়োজনানুযায়ী তা ব্যবহারের জন্য সকলকে আহ্বান জানানো হচ্ছে।

  
(আশীষ কুমার সরকার)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৯৬৭১২৩৪  
e-mail: dg.dpl.2012@gmail.com